দৈনিক ইনকিলাব

তারিখ ... 10 DEC 1992 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৭ ...

17 29

## প্রসঙ্গ : পাঠ্যবইয়ে ভুল

শিক্ষা ছাত্র-ছাত্রীদের সুপ্ত প্রতিভার বিকাশ ঘটায়। আর এই শিক্ষা গ্রহণের জন্য বোর্ড কর্তৃক লিখিত বই ছাত্র-ছাত্রীদের পাঠ্যবই হিসাবে নির্ধারণ করা হয়। কিন্তু পাঠ্যবইয়ে যদি ভুল থাকে তবে ছাত্র-ছাত্রীরা সেটাই গ্রহণ করে। নবম-দশম শ্রেণীর মাধ্যমিক ভূগোল বইয়ে নেদারল্যাণ্ডের রাজধানী হেগ দেওয়া আছে। প্রকৃত পক্ষে নেদারল্যাণ্ডের রাজধানী আমস্টার্ডাম। আবার জনাব মোঃ মোফাজ্জল হক মোঃ নজরুল ইসলাম সাহেবদ্বয়ের সাধারণ "জ্ঞানের বই" দেশে বিদেশের অনেক কথায় সাইপ্রাস দেশটিকে ইউরোপ মহাদেশের অন্তর্ভুক্ত করা হয়েছে। কিন্তু মাধ্যমিক ভূগোল বইয়ে আছে এশিয়া মহাদেশে। আমরা কোনটাকে ঠিক বলে বিবেচনা করব তা কর্তৃপক্ষের নিকট জানার জন্য আকুল আবেদন পেশ করছি।

—রাজিব ও জাকিয়া,
৪২/এ, পশ্চিম হাজিপাড়া রামপুরা, ঢাকা